

এসো

ছারফ

শিখি

আব-আব্বাস-আব্বাস

الطريق إلى الصرف

এসো ছারফ শিখি

মাওলানা আবু তাহের মেসবাহ

শিক্ষক, আরবী ভাষা ও সাহিত্য

মাদরাসাতুল মাদীনাহ্ আশরাফাবাদ

লালবাগ, ঢাকা - ১৩১০

প্রকাশনায়

মোহাম্মদী লাইব্রেরী

চকবাজার, ঢাকা - ১২১১

www.eelm.weebly.com

প্রকাশকঃ

মোহাম্মাদ সাদিক উল্লাহ

মোহাম্মাদী লাইব্রেরী

চকবাজার, ঢাকা- ১২১১

ফোনঃ ৭৩১৫৮৫০

(সর্বস্বত্ব লেখকের)

প্রথম প্রকাশ-

রজব, ১৪২০ হিজরী

অক্টবর, ১৯৯৯ ইংরেজী

মুদ্রণে- মোহাম্মাদী প্রিন্টিং প্রেস

৪৯, হরনাথ ঘোষ রোড, ঢাকা- ১২১১

কম্পিউটার কম্পোজঃ

দারুল কলম কম্পিউটার

মাদরাসাতুল মাদীনাহ আশরাফাবাদ, লালবাগ, ঢাকা-১৩১০ ফোন :

হাদিয়া : ১০০ টাকা মাত্র

প্রাপ্তিস্থান

মোহাম্মাদী লাইব্রেরী

৬০, চকবাজার, ঢাকা-১২১১

ফোন : ৭৩১৫৮৫০

মোহাম্মাদী লাইব্রেরী

বিশাল বুক কমপ্লেক্স, বাংলাবাজার, ঢাকা

মোবাইল: ০১৭১৫১২৬২৩৬

الوفاء

أتشرف بإهداء هذا العمل
المتواضع

إلى من أخذ بيدي إلى مائدة
الأدب العربي و اذاقني حلاوته
إلى من يسره أن يراني دائما في
خدمة لغة القرآن و السنة
إلى من لا أنسى فضله و منه علي
ما حييت

إلى أستاذي الجليل سلطان ذوق
الندوي - حفظه الله .

تلميذكم

الذي لا ينساكم و يرجو أن لا تنسوه

মাদানী নেছাবের অন্যান্য কিতাব

- (১) الطريق إلى العربية في ثلاثة أجزاء
- (২) الطريق إلى النحو
- (৩) الطريق إلى البلاغة
- (৪) الأيات المنتخبة
- (৫) التمرين الكتابي على الطريق إلى العربية

المطالعة العربية

- (১) حياة الرسول صلى الله عليه وسلم
- (২) الباحث عن الحق
- (৩) فوق الصليب
- (৪) أحد .. أحد

দু'টি কথা

আরবী ভাষা স্বয়ং আল্লাহ রাক্বুল আলামীনের পক্ষ হতে কোরআন ও সুন্নাহর ভাষা রূপে নির্বাচিত হয়েছে, সেহেতু আরবী ভাষার সাধারণ জ্ঞান অর্জন করা প্রত্যেক মুসলমানের ঈমানী দায়িত্ব। কেননা আমার আল্লাহ আমার দুনিয়া-আখেরাতের শান্তি ও মুক্তির জন্য কী নাযিল করেছেন এবং আমার নাবী আমার জীবন সমস্যার সমাধানের জন্য কী রেখে গেছেন তা তরজমার মাধ্যম ছাড়া সরাসরি সে ভাষায় বোঝার চেষ্টা করাই তো হবে আমার আল্লাহ-প্রেম ও নাবী-প্রেমের স্বতঃস্ফূর্ত দাবী!

তবে কোরআন, সুন্নাহ ও শরীয়তের সুবিজ্ঞ ও সুযোগ্য আলিম হওয়ার জন্য আরবী ভাষায় পূর্ণ ব্যুৎপত্তি অর্জন করা অপরিহার্য। ভাষার সাধারণ জ্ঞান এক্ষেত্রে গ্রহণযোগ্য নয়। কেননা সাধারণ ভাষাজ্ঞানের উপর নির্ভর করে কোরআন, সুন্নাহ ও শরীয়তের গভীরে প্রবেশ করা আর দু'দিনের 'সন্তরণ বিদ্যার' উপর সাহস করে অকূল দরিয়ায় ঝাঁপ দেয়া একই পরিণতি ডেকে আনবে, তাতে কোন সন্দেহ নেই। তাই যারা দীন ও শরীয়তের আলিম হবে এবং কোরআন-সুন্নাহ ও শরীয়তের ইলমের 'ধারক, বাহক ও রক্ষক' হবে তাদের জন্য আরবী ভাষার সাধারণ জ্ঞান অর্জনের পর ভাষার শাস্ত্রীয় ও তত্ত্বগত জ্ঞান অর্জন করা অপরিহার্য কর্তব্য।^১

একারণেই দেখা যায়, বিজয়াভিযানের মাধ্যমে ইসলাম যখন জায়ীরাতুল আরবের সীমানা অতিক্রম করলে! তখন থেকেই ওলামায়ে উম্মত আরবী ভাষার

১. এখন তো মনে হয় সাধারণ আরবী ভাষাজ্ঞানেরও প্রয়োজন নেই। কেননা এখনকার 'মুজতাহিদ ছাহেবান' মাশাআল্লাহ শুধু 'অনুবাদ জ্ঞানের' ভেলায় চড়েই ইজতিহাদের মহাসমুদ্র পাড়ি দেয়ার হিম্মত রাখেন।

পূর্ণ শাস্ত্রীয় জ্ঞান অর্জনের নিরবচ্ছিন্ন সাধনায় আত্মনিয়োগ করেছেন। এমনকি এ ময়দানে পুরো জিন্দেগী ওয়াকফ করে দিয়েছেন। তাঁদের এই জীবনব্যাপী সাধনারই ফল স্বরূপ অভিধান, ব্যাকরণ ও অলঙ্কার শাস্ত্রের এক সুবিশাল গ্রন্থ-সম্ভার গড়ে উঠেছে, যা বিশ্বের যে কোন জাতির হৃদয়ে সশ্রদ্ধ বিষ্ময় উদ্বেক করার জন্য যথেষ্ট।

আরবী ভাষা-সংশ্লিষ্ট প্রতিটি শাস্ত্রের উপর প্রয়োজনীয় পাঠ্যপুস্তক রচনার গুরু দায়িত্ব ও ওলামায়ে কেরাম শুরু থেকে আঞ্জাম দিয়ে এসেছেন। এ ক্ষেত্রে আলিমগণ সবসময় যুগ-চাহিদা ও সমাজ-মানস সম্পর্কে পূর্ণ সচেতনতার পরিচয় দিয়েছেন এবং সে আলোকে পূর্ববর্তী কিতাবের পরিবর্তে নতুন কিতাব তৈরী করেছেন। বলাবাহুল্য যে, পূর্বসূরীদের রচনাসম্ভারের উপস্থিতি সত্ত্বেও যুগ, সমাজ ও পরিবেশের পরিবর্তিত দাবী ও চাহিদার প্রেক্ষিতে নতুন গ্রন্থ প্রণয়নই হলো উত্তরসূরী আকাবিরগণের অনুসৃত নীতি।

পাঠ্যপুস্তক প্রণয়নের ক্ষেত্রে আমাদের আকাবিরগণ আরেকটি সর্বস্বীকৃত মূলনীতি অনুসরণ করেছেন। তা এই যে, যে কোন শাস্ত্রের সাথে প্রথম পরিচয় শিক্ষার্থীর মাতৃভাষায় হওয়া উচিত, যাতে একজন শিক্ষার্থীকে বিষয় ও ভাষার বোঝা একত্রে বহন করতে না হয়। অভিজ্ঞতাও এটাই বলে যে, মাতৃভাষায় কোন শাস্ত্রের মূল বিষয় আত্মস্থ করার পর অন্য ভাষায় বিশদ ও সম্প্রসারিত অধ্যয়ন সহজ হয়ে থাকে। (অবশ্য এ জন্য সর্বাত্মক মাতৃভাষার ‘পর্যাপ্ত জ্ঞান দরকার।)

এ দৃষ্টিকোণ থেকেই দেখা যায়, রাষ্ট্রীয় পৃষ্ঠপোষকতার সুবাদে ফারসী ভাষা যত দিন ভারতীয় মুসলমানদের সমাজে প্রায় মাতৃভাষার মত অন্তরঙ্গ ও বহুলব্যবহৃত ছিলো তত দিন আরবী ভাষার পরিবর্তে ফারসী ভাষাকেই তাঁরা শাস্ত্রের প্রাথমিক শিক্ষার মাধ্যম রূপে গ্রহণ করেছেন। আবার যখন যুগের হাওয়া বদল হলো এবং মুসলিম সমাজ থেকে রাজভাষা ফারসীর প্রভাব প্রায় মুছে গেলো তখন কোন অজুহাতেই ফারসীর প্রতি বিন্দুমাত্র পক্ষপাতিত্ব না করে উর্দু ভাষাকেই তাঁরা অগ্রাধিকার প্রদান করেছেন।

হারফ শাস্ত্রের কথাই ধরুন, হিন্দুস্তানী ওলামায়ে কেরাম ফারসীর যুগে میزان

جنگ صرف علم الصیفة و منشعب، پنج گنج، فصول اکبری، جنگ صرف
کتاب الصرف و کتاب الصرف علم এর মত মৌলিক কিতাব রচনা করেছেন তেমনি পরবর্তী যুগে উর্দু ভাষায় علم الصرف এর মত মৌলিক কিতাব রচনা করেছেন এবং দরসে নিয়ামীর
শিক্ষাঙ্গনে তা অত্যন্ত সমাদৃতও হয়েছে ।

তাছাড়া কেউ কেউ ফারসী কিতাবগুলোরই হুবহু উর্দু তরজমা পেশ
করেছেন । অবশ্য যুক্তিসঙ্গত কারণেই সেগুলো তেমন গ্রহণযোগ্যতা লাভ
করেনি ।

দুঃখের বিষয় যে, আমাদের দেশে বাংলাভাষী শিক্ষার্থীদের ক্ষেত্রে আমরা
হিন্দুস্তানী ওলামায়ে কেরামের দৃষ্টান্ত অনুসরণ করতে পারিনি । ফলে সমাজ ও
পরিবেশ উপযোগী কোন পাঠ্যপুস্তক যেমন রচিত হয়নি তেমনি প্রাথমিক
শিক্ষার মাধ্যম রূপে মাতৃভাষা বাংলাও প্রতিষ্ঠা লাভ করেনি । যুগ যুগ ধরে
ফারসী এবং উর্দু ভাষাতেই চলে আসছে আমাদের যাবতীয় পঠন-পাঠন ।
একারণে শিক্ষার মানগত ক্ষেত্রে ‘পশ্চিমের’ তুলনায় ‘পূর্ব’ সব সময় পিছিয়ে
আছে । এমনকি বর্তমান মুসলিম বিশ্বের শ্রেষ্ঠ ইসলামী চিন্তাবিদ ও শিক্ষাবিদ
মাওলানা সাইয়েদ আবুল হাসান আলী নাদাবী (মুঃ যিঃ আঃ) এ বিষয়ে বারবার
আমদের উপদেশ দিয়েছেন, তবু আমরা সচেতন হইনি ।

অতিসম্প্রতি অবশ্য বাংলাকে প্রাথমিক শিক্ষার মাধ্যম রূপে গ্রহণ করার
একটা ধীর মানসিক প্রস্তুতি লক্ষ্য করা যাচ্ছে । সে হিসাবে আশা করা
গিয়েছিলো যে, এ দেশের সুবিজ্ঞ আলিম সমাজ অন্তত এ পর্যায়ে
স্থান-কাল-পাত্রের চাহিদা অনুযায়ী বাংলাভাষায় মৌলিক ও গবেষণামূলক
পাঠ্যপুস্তক রচনায় এগিয়ে আসবেন । সে যোগ্যতাও ছিলো তাঁদের । কিন্তু তা
হয়নি । কেননা যে কোন মৌলিক গবেষণার জন্য যোগ্যতার পাশাপাশি উদ্যম
ও আত্মনিমগ্নতারও সমান প্রয়োজন । আর পশ্চিমের তুলনায় পূর্বের ইলমী
দুনিয়ায় যে এ জিনিসটার বেশ ঘাটতি রয়েছে তা লজ্জার বিষয় হলেও স্বীকার
করে নেয়াই ভালো ।

একারণেই দেখা গেলো যে, অন্যান্য ক্ষেত্রের মত এ ক্ষেত্রেও মৌলিক
গবেষণা ও রচনার দায় ও কষ্ট এড়িয়ে তরজমার আশ্রয়গ্রহণকেই নিরাপদ ও

সহজ মনে করা হয়েছে। তদুপরি তরজমাও হয়েছে এমন যে, দুর্বোধ্যতায় মূলকেও হার মানায়। অবশ্য এ ক্ষেত্রে দু'একটি নিজস্ব রচনা যে আসেনি তা নয়, কিন্তু সেগুলোও পাঠ্যপুস্তকের উপযোগিতা লাভ করতে পারেনি।

আমাদের ঐতিহ্যবাহী দরসে নিয়ামীর যুগোপযোগী সংশোধন ও সংস্কারের যে মহৎ প্রচেষ্টা ও উদ্যোগ المنهج المدني (মাদানী নেছাব) নামে মাদরাসাতুল মাদীনাহ গ্রহণ করেছে তার জন্য ইতিমধ্যে আদব, নাহব ও অলঙ্কার শাস্ত্রের উপর মাতৃভাষায় তিনটি মৌলিক পাঠ্য গ্রন্থ রচিত হয়েছে এবং আল্লাহর রহমতে বেশ উপকারী প্রমাণিত হয়েছে। হারফ শাস্ত্রের ক্ষেত্রেও অনুরূপ একটি প্রাথমিক ও সমৃদ্ধ পাঠ্য গ্রন্থ প্রণয়নের সুতীব্র প্রয়োজন অনুভূত হয়ে আসছিলো। কিন্তু বিভিন্ন প্রতিকূলতার কারণে সময়মত তা হয়ে উঠেনি। ফলে মাদানী নেছাবে হারফ শাস্ত্রের পঠন-পাঠনের ক্ষেত্রে এতদিন একটা শূন্যতা বিরাজ করছিলো। আর বিদ্যমান হারফী কিতাবগুলো দ্বারা মাদানী নেছাবের 'প্রয়োজন' পূরা করাও সম্ভব ছিলো না।

তাই আজ থেকে চার পাঁচ বছর পূর্বে আমি الطريق إلى الصرف (এসো হারফ শিখি) নামে হারফ শাস্ত্রের প্রাথমিক পর্যায়ের একটি 'আদর্শগ্রন্থ' প্রণয়নের কাজে হাত দিয়েছিলাম শুধু আল্লাহর রহমত, মদদ ও তাওফীকের উপর ভরসা করে। এ মহাগুরু দায়িত্ব আঞ্জাম দেয়ার জন্য উদ্যমের অভাব ছিলো কি না বলতে পারি না, তবে যোগ্যতার যে অভাব ছিলো সে সম্পর্কে পূর্ণ সচেতন ছিলাম। কিন্তু আমরা যে মহান ভাষাতেযায়ে কেরামের ছোহবত লাভ করেছি তাঁদের শিক্ষা ছিলো এই যে, মানুষ যখন কোন কাজ 'করে' তখন সে নাকাম হয়, আর যখন কাজ 'করানো' হয় তখন কামিয়াব হয়।

পরম সৌভাগ্য এই যে, আমার শাফীক আসাতেযায়ে কেরাম তখনো দু'আ করেছেন, এখনো দু'আ করছেন – যেন আল্লাহ তাঁদের এই অধম ছাত্রকে দিয়ে তাঁর পসন্দ মত কাজ করিয়ে নেন। আর আশ্বা-আব্বার সকাল-সন্ধ্যা ও দিন-রাতের হৃদয় নিংড়ানো ও অশ্রুসিক্ত দু'আ তো প্রতি মুহূর্ত আমাকে ঘিরে রেখেছে!

একারণে কোন কাজ শুরু করার সময় যোগ্যতার অভাববোধ কখনো

আমাকে হতোদ্যম করতে পারেনি। বরং এ বিশ্বাস সর্বদা মনোবল যুগিয়েছে যে, আল্লাহর রহমত তো **بها نى جويد، بها نى جويد** (সুযোগ খোঁজে, সু-যোগ্য খোঁজে না)।

আল্লাহ পাকের শায়ানে শান শোকর যে, অধম বান্দার বিশ্বাসের লাজ তিনি রেখেছেন এবং অবশেষে **الطريق إلى الصرف** প্রথম খণ্ড আত্মপ্রকাশ করেছে।

এ খণ্ডের উল্লেখযোগ্য বৈশিষ্ট্য এই যে, প্রথম পর্বে **ميزان** ও শব্দ-গঠন প্রণালী এবং দ্বিতীয় পর্বে **منشعب** (বা বিভিন্ন বাব) প্রসঙ্গ আলোচিত হয়েছে। এবং **الطريق إلى العربية** এর পরবর্তী কিতাব হিসাবে তার সাথে সঙ্গতি রক্ষা করে **سلسلة الأفعال** গুলোকে একবচন, দ্বিবচন ও বহুবচন - এভাবে সাজানো হয়েছে। **نون خفيفة** যুক্ত ফেয়েলগুলোর ব্যবহার যেহেতু খুবই সীমিত সেহেতু এগুলোর 'মশক' বাদ দিয়ে শুধু তথ্যগত জ্ঞান দান করা হয়েছে। এছাড়া অন্যান্য ক্ষেত্রে প্রশ্ন ও অনুশীলনের মাধ্যমে প্রতিটি বিষয়কে পূর্ণ আত্মস্থ করানোর চেষ্টা করা হয়েছে।

প্রয়োজনীয় ক্ষেত্রে ছারফ শাস্ত্রীয় পরিভাষাগুলোর সহজ বাংলা পরিভাষা পেশ করা হয়েছে। যেমন **ثلاثي** ও **رباعي** এর বাংলা করা হয়েছে যথাক্রমে ত্রিমূল ও চতুর্মূল।

যেহেতু **الطريق إلى العربية** কিতাবে **أفعال معتلة** এর **سلسلة** মুখস্থ করা হয়েছে সেহেতু এখানে **منشعب** অংশে **تعليلات** এরও আংশিক আলোচনা দেয়া হয়েছে। অবশ্য তালীলের নিয়ম ও সূত্রগুলো সম্পূর্ণ নতুন শৈলীতে সুসংক্ষেপিত ও সহজতর রূপে পেশ করা হয়েছে এবং প্রতিটি নিয়ম ও সূত্রের এমন ভাবে একটি নাম দেয়া হয়েছে যাতে নামের মধ্যেই সূত্রের সিংহভাগ বর্ণনা এসে যায়। যেমন -

ছারফের সকল কিতাবে বলা হয়েছে, 'ওয়াও-ইয়া যদি মুতাহাররিক হয় এবং তার পূর্ববর্তী হরফ মাফতূহ হয় তাহলে উক্ত ওয়া ও-ইয়াকে আলিফ দ্বারা বদল করা ওয়াজিব।'।

এই অনাবশ্যক দীর্ঘতা ও 'শব্দ-অপচয়' পরিহার করে আমরা বলেছি, 'ফাতহার পর মুতাহাররিক ওয়াও-ইয়া আলিফ হয়ে যায়।' অতঃপর আমরা

সূত্রটির নাম দিয়েছি ‘ফাতহার পর মুতাহাররিক ওয়াও-ইয়ার নিয়ম।’ প্রায় প্রতিটি সূত্র ও নিয়মের ক্ষেত্রেই এটা করা হয়েছে।

অন্যান্য কিতাবে **تعليلات** এর নিয়মগুলোকে গতানুগতিক ভাবে, **أجوف**, **مثال** ইত্যাদি বিভিন্ন ভাগে ভাগ করা হয়েছে। অথচ প্রায়োগিক দিক থেকে তা বাস্তবানুগ নয়। যেমন পূর্বোক্ত নিয়মটিকে **أجوف** এর নিয়ম বলা হয় অথচ তা **قال** ও **باع** এর ন্যায় **رمى** **دعا** এর মধ্যেও প্রযুক্ত হয়। এ কারণে আমরা এই অনাবশ্যক বিভাজন রক্ষা করিনি। তাছাড়া বিরল দু’একটি শব্দের খাতিরে নিয়মকে **جامع** - **مانع** করার প্রবণতা প্রাথমিক কিতাব হিসাবে এখানে আমরা ইচ্ছা করেই এড়িয়ে গেছি। অবশ্য দ্বিতীয় খণ্ডের প্রথম পর্বে **تعليلات** এর সামগ্রিক আলোচনা আসবে ইনশাআল্লাহ।

الحاق প্রসঙ্গ ছারফের নবীন শিক্ষার্থীদের জন্য বেশ পেরেশানির কারণ হয়ে থাকে। ছাত্রাবস্থায় আমরাও পেরেশান হয়েছি। সেজন্য ছারফ শাস্ত্রের গ্রন্থ-সম্ভার অধ্যয়ন করে বিষয়টাকে বিশদ ও প্রাঞ্জল করার চেষ্টা করেছি, যা ছারফের অন্য কোন পাঠ্যপুস্তকে দেখা যায় না।

মাদানী নেছাবের প্রথম লক্ষ্য হলো বর্তমান দরসে নিয়ামীর শিক্ষা ক্ষেত্রে ‘সময় সংকোচন ও মানোন্নয়ন’। এ জন্য প্রাথমিক (মক্তব) স্তরে দশটি এবং পরবর্তী স্তরগুলোতে বিশটি, মোট ত্রিশটি পাঠ্যপুস্তক তৈরী করা আবশ্যিক। অথচ এপর্যন্ত মাত্র চার পাঁচটি পুস্তকের ‘খসড়া সংস্করণ’ প্রকাশিত হয়েছে। সুতরাং বলাবাহুল্য যে, মাদানী নেছান এখন তার প্রাথমিক পর্যায় অতিক্রম করছে মাত্র। মজিল আমাদের বহু দূরে। তাই আমরা মনে করি, চূড়ান্ত কোন মন্তব্য করার যথার্থ সময় এখনো আসেনি। এ মহূর্তে আমরা যেমন উচ্ছ্বাস দেখাতে রাজী নই, তেমনি ‘বন্ধুদের’ মুখেও হতাশার কথা শুনতে প্রস্তুত নই। এখন আমরা শুধু ‘কবুল করো রাব্বানা!’ বলে দূর দূর বৃকে কাজ করে যেতে চাই।

দেখুন, জমিতে একটি বীজ ফেলে দু’দিনের মাথায় মাটি খুঁড়ে বীজের অবস্থা জানার কৌতূহল প্রকাশ করা, কিংবা দু’ সপ্তাহ পর মাটি ফুঁড়ে অঙ্কুর বের হতে দেখেই উচ্ছ্বাস প্রকাশ করা অথবা দু’তিন বছরেও ফলের দেখা নেই বলে

হতাশ হওয়া - কোনটাই বুদ্ধিমানের কাজ নয়। অথচ এ তিন গুণেই আমরা বাঙ্গালী! তাই বন্ধুদের নিকট সবিনয় নিবেদন, একটু অপেক্ষা করুন এবং আমাদের সফলতার জন্য আল্লাহর দরবারে দু'আ করুন।

এরপর হলো দ্বিতীয় ও চূড়ান্ত লক্ষ্য। যদিও তা প্রকাশ করার উপযুক্ত সময় এখনো আসেনি এবং অযথা 'বিতর্কের সুযোগ' সৃষ্টি করা বুদ্ধির কাজ নয়, তবু 'নিঃশ্বাসের বিশ্বাস নেই' - এ নির্মম সত্যকে স্বরণ করে আজ কাগজের বুকে একটু ইঙ্গিত রেখে দিতে চাই, যেন আমার পরে আগামী দিনের কোন দরদী বন্ধু এ পথের পথিক হতে চাইলে মঞ্জিলে মকছুদ খুঁজে পান।

এই দ্বিতীয় উদ্দেশ্যের কথা দেওবন্দী পরিবারের শ্রদ্ধেয় ব্যক্তি হযরত মাওলানা মুফতি মাহমুদ (রহঃ) মোটামুটি এভাবে বলেছেন -

দ্বীন ও দুনিয়ার শিক্ষা যেদিন থেকে বিভাজিত হয়েছে সেদিন থেকে উম্মাহর দুর্ভাগ্য শুরু হয়েছে।

বস্তৃত আসমানী ইলম এবং দুনিয়াবী ইলম নামে দুটি আলাদা জিনিসের অস্তিত্ব শরীয়তে নেই। কেননা **و علم آدم الأسماء كلها** বলে যে সকল জ্ঞানের প্রতি ইঙ্গিত করা হয়েছে তা সবই আসমানী ও জান্নাতী ইলম। **و أئنا له** , **و أبهره الأكمه و الأبرص** এবং **الحديد** এবং জ্ঞানের সাহায্যে 'বদর ও অহদের সেনাপতি' যুদ্ধ পরিচালনা করেছেন এবং মসজিদে নববীকে কেন্দ্র করে শাসন পরিচালনা করেছেন তা সবই নববী ইলম। তদ্রূপ যে জ্ঞানের সাহায্যে হযরত ওমর (রাঃ) ইরাকের ভূমি জরিপ করেছেন সেটাও ছাহাবা ওয়ালা ইলম।

সুতরাং উম্মাহ যদি বিশ্বের জাতিবর্গের মাহফিলে মর্যাদা ও নেতৃত্বের আসন লাভ করতে চায় তাহলে আসমানী ও নববী ইলম রূপেই 'সবকিছুর' শিক্ষা অর্জন করতে হবে এবং মাদরাসাতুচ্ছুফফার সিলসিলার ধারক ও বাহক যে ওলামায়ে কেরাম তাঁদের কাছ থেকেই শিক্ষা লাভ করতে হবে।

ইসলামী শিক্ষার এই অবিভাজ্য রূপরেখাই দূর ভবিষ্যতে মাদরাসাতুল মাদীনাহ মুসলিম উম্মাহর সামনে তুলে ধরতে চায়। **و ما ذلك على الله بعزيز**

‘সময়’ তো সবসময় আসে না, তাই প্রসঙ্গক্রমে ‘অপ্রাসঙ্গিক’ কিছু কথার ইঙ্গিত করা হলো। আল্লাহ যদি ‘জীবন রক্ষা করেন’ এবং তাওফীক দান করেন তাহলে ঈগামীতে এ প্রসঙ্গে বিশদ আলোচনার ইচ্ছা রইলো।

পরিশেষে মূল কথায় ফিরে আসি, *علوم العربية* নামে যতগুলো শাস্ত্র প্রচলিত রয়েছে তন্মধ্যে ছারফ শাস্ত্রের মত এমন ‘কাঠ-বিষয়’ সম্ভবত দ্বিতীয়টি নেই। তাতে না আছে রস, না আছে কষ। *چوں سگان* বলে একটা কথা সেই মীযানের প্রথম সবকেই আমাদেরকে বুঝিয়ে দেয়া হয়েছিলো এবং আমরাও হাড়ে হাড়ে তা টের পেয়েছি। কিন্তু একথা স্বীকার করতেই হবে যে, ভাষার শব্দ-কাঠামোর বিশুদ্ধতা রক্ষার জন্য ছারফ শাস্ত্রের কোন বিকল্প নেই। তাই অতি অবশ্যই আমাদেরকে ছারফ অধ্যয়ন করতে হবে এবং তাতে ব্যুৎপত্তি অর্জন করতে হবে। এদিকে লক্ষ্য রেখে *الطريق إلى الصرف* কিতাবটিকে ছারফ শাস্ত্রের প্রাথমিক পর্যায়ের একটি আদর্শ পাঠ্যপুস্তক রূপে তৈরী করার যথাসাধ্য চেষ্টা করা হয়েছে এবং নতুন নতুন রীতি ও শৈলী প্রয়োগের মাধ্যমে তাতে রস ও প্রাণ সঞ্চারের চেষ্টা করা হয়েছে। তবে নতুন পরীক্ষা হিসাবে এক্ষেত্রে আমাদের চিন্তায় ও উপস্থাপনায় ভুলত্রুটি থেকে যাওয়া বিচিত্র নয়। সুতরাং বিদগ্ধ ওলামায়ে কেরামের খিদমতে বিনীত নিবেদন এই যে, ত্রুটি সংশোধন ও উৎকর্ষ সাধনের জন্য সুচিন্তিত পরামর্শ দান করে সকলে আল্লাহর নিকট আজর ও ছাওয়াবের ভাগীদার হবেন। আল্লাহ কবুল করুন এবং মাকবুল করুন। আর যারা আমীন বলবে আল্লাহ তাদের কল্যাণ করুন। আমীন।

– আবু তাহের মেহবাহ

২৪ / ৬ / ১৪২০ হিঃ

প্রিয় তালিবুল ইলম!

আমরা তোমাকে আন্তরিক মোবারকবাদ জানাই। কেননা তুমি ইলমে দ্বীন হাছিল করার এক সুদীর্ঘ সফরে যাত্রা করেছে। আর হাদীছ শরীফে রাসূলুল্লাহ ছাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন—

যে ব্যক্তি ইলমের সন্ধানে কোন পথে যাত্রা করবে আল্লাহ তার জন্য জান্নাতের পথ সহজ করে দেবেন।

সুতরাং দু'আ করি, তোমার এ সফর বরকতপূর্ণ হোক। আল্লাহর মদদ ও নোহ্রত তোমার সঙ্গী হোক এবং তলবে ইলমের আসল যে মাকছূদ তাতে তুমি কামিয়াব হও।

তলবে ইলমের এ দীর্ঘ সফরের প্রত্যেক মঞ্জিলে আমরা তোমার রফীকে সফর হতে চাই এবং প্রয়োজনীয় ইলমী পাথেয় তোমার হাতে তুলে দিতে চাই, যাতে আল্লাহর ইচ্ছায় তোমার তলবুল ইলমের এ সফর পূর্ণ কামিয়াব হয়।

এ জন্য আরবী ভাষা শিক্ষার পথে প্রথম পাথেয় হিসাবে الطريق إلى العربية কিতাবখানা পেশ করা হয়েছিলো। আশাকরি তা দ্বারা আরবী ভাষার সাথে তোমার মোটামুটি একটা পরিচয় গড়ে উঠেছে।

ইনশাআল্লাহ এবার শুরু হচ্ছে সফরের দ্বিতীয় মঞ্জিল। এখন তুমি الطريق إلى الصرف কিতাবখানা পড়বে এবং তা থেকে আরবী ভাষার শব্দকাঠামোর নিয়মকানুন জানতে পারবে। এরপর আগামী বছর যখন الطريق إلى النحو কিতাবখানা পড়বে তখন আরবী ভাষার বাক্যকাঠামোর নিয়মকানুন জানতে পারবে।

আরবী ভাষার জন্য হারফ ও নাহব দু'টোই অতি গুরুত্বপূর্ণ বিষয়। খুব

[তের]

সহজে এবং অল্প সময়ে তুমি যাতে এ দুই বিষয়ে পূর্ণ জ্ঞান লাভ করতে পারো সে জন্য তোমার বয়স ও মেধার উপযোগী করে খুব সহজ ভাষায় এবং সরল পদ্ধতিতে বই দু'টি রচিত হয়েছে।

তুমি যদি জীবনের এ মহামূল্যবান সময়গুলোর পূর্ণ কদর করো, ইলম হাছিলের জন্য যথাযোপ্য মেহনত করো, ইলমের যাবতী আদব রক্ষা করো, আল্লাহ ও তাঁর রাসূলের আনুগত্য করো এবং আল্লাহর কাছে তাওফীক প্রার্থনা করো তাহলে আল্লাহ তোমাকে ইলমের নূর দান করবেন এবং তোমার দুনিয়া ও আখেরাতের যিন্দেগী কামিয়াব হবে ইনশাআল্লাহ।

এসো এবার বিসমিল্লাহ বলে পড়া শুরু করি। আল্লাহ আমাদের সকলকে পূর্ণ তাওফীক দান করুন। আমীন।

গুরুত্বপূর্ণ যে সকল কিতাব থেকে
সাহায্য নেয়া হয়েছে

- (১) كتاب الصرف
- (২) علم الصرف
- (৩) تمرين الصرف
- (৪) علم التصريف
- (৫) علم الصيغة
- (৬) فصول أكبرى
- (৭) ميزان الصرف
- (৮) المفصل في علم الصرف
- (৯) موسوعة النحو و الصرف
- (১০) دراسات في علم الصرف
- (১১) شذا العرف في فن الصرف
- (১২) الشافية لابن الحاجب

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

তালিবে ইলমের প্রতি সন্তুষ্ট হয়ে ফিরেশতাগণ তাদের ডানা
বিছিয়ে দেন, আর সমস্ত মাখলুক, এমনকি সমুদ্রের তলদেশে
মাছেরাও তার জন্য মাগফেরাতের দু'আ করতে থাকে।

আর সমস্ত তারকার উপর পূর্ণিমার চাঁদের যে শ্রেষ্ঠত্ব
একজন সাধারণ ইবাদত-কারীর উপর আলিমের সেই পরিমাণ
শ্রেষ্ঠত্ব।

- আল-হাদীছ

القسم الأول

(প্রথম পর্ব)

www.eelm.weebly.com



www.eelm.weebly.com

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

حَدُّ عِلْمِ الصَّرْفِ (ছারফ শাস্ত্রের পরিচয়)

النصر একটি মাছদার একথা তুমি জানো এবং এই মাছদার থেকে বিভিন্ন শব্দ তুমি তৈরী করতে পারো, যেমন- نَصْرٌ، يَنْصُرُ، أَنْصُرُ، نَاصِرٌ، مَنْصُورٌ - ইত্যাদি। এভাবে যে কোন মাছদার থেকে বিভিন্ন মাপের বহু শব্দ তুমি তৈরী করতে পারো, কিন্তু তোমার ছোট ভাইটি তা পারে না।

বলো দেখি, তুমি পারো কিন্তু সে কেন পারে না ?

কারণ মাছদার থেকে বিভিন্ন শব্দ তৈরী করার নিয়ম কানুন তুমি জানো, কিন্তু তোমার ছোট ভাইটি জানে না।

মাছদার থেকে বিভিন্ন শব্দ তৈরী করার নিয়ম কানুন জানাকে عِلْمُ الصَّرْفِ বলে।

قَوْلٌ، يَقُولُ، قَالَ، يَقُولُ، قُلْ শব্দ গুলোর মূল রূপ হলো، قَوْلٌ -

বলো দেখি, কিভাবে শব্দ গুলোর এই রূপান্তর হলো ? এক রূপ থেকে অন্যরূপ হলো ? হয়ত এ প্রশ্নের উত্তর তুমি দিতে পারবে না। কেননা শব্দের রূপান্তরের নিয়ম কানুন তোমার জানা নেই।

শব্দের রূপান্তরের নিয়ম কানুন জানাকে علم الصرف বলে।

মোটকথা, علم الصرف দ্বারা দু'টি বিষয় জানা যায় ; শব্দের গঠন ও শব্দের রূপান্তর। তাহলে আমরা বলতে পারি-

যে নিয়ম কানুন দ্বারা শব্দের গঠন ও রূপান্তর জানা যায় সেই নিয়ম কানুনকে علم الصرف বলে।

مَوْضِعُ عِلْمِ الصَّرْفِ (ছারফ-এর আলোচ্যবিষয়)

উপরের আলোচনা থেকে আশা করি তুমি বুঝতে পেরেছো যে, যে সকল শব্দ বিভিন্ন পরিবর্তন গ্রহণ করে সেগুলোই হলো علم الصرف এর আলোচ্যবিষয়। যেমন—

نصر একটি পরিবর্তনযোগ্য مصدر তাতে পরিবর্তন ঘটিয়ে نصر ফেয়েলটি তৈরী করা হয়। তদ্রূপ نصر একটি পরিবর্তনযোগ্য فعل তাতে পরিবর্তন ঘটিয়ে ينصر ফেয়েলটি তৈরী করা হয়। তদ্রূপ ناصر ও منصور দু'টি পরিবর্তনযোগ্য اسم তাতে পরিবর্তন ঘটিয়ে اسم الفاعل ও اسم المفعول এর অন্যান্য صيغه তৈরী করা হয়। সুতরাং এ শব্দগুলো علم الصرف এর আলোচ্যবিষয়।

পক্ষান্তরে جَفَرٌ عَسَىٰ ইত্যাদি শব্দগুলো পরিবর্তন গ্রহণ করে না সুতরাং এই اسم ও فعل গুলো علم الصرف এর আলোচ্যবিষয় নয়।

মোটকথা, পরিবর্তনযোগ্য اسم ও فعل-ই হলো علم الصرف এর আলোচ্যবিষয়।

غَرَضُ عِلْمِ الصَّرْفِ (ছারফ-এর উদ্দেশ্য)

উপরের আলোচনা থেকে আশা করি একথাও তুমি বুঝতে পেরেছো যে, শব্দের গঠন ও রূপান্তরের ভুল-ভ্রান্তি থেকে রক্ষা করাই علم الصرف এর উদ্দেশ্য।

মূলকথা.

১। শব্দের গঠন ও রূপান্তরের নিয়ম কানুন জানাকে علم الصرف বলে।

২। পরিবর্তন গ্রহণকারী যাবতীয় اسم ও فعل হলো علم الصرف এর আলোচ্যবিষয়।

৩। শব্দের গঠন ও রূপান্তরের ভুল-ভ্রান্তি থেকে রক্ষা করা علم الصرف এর উদ্দেশ্য।

প্রশ্নমালা

- ১। علم الصرف এর পরিচয় বলো।
- ২। যে নিয়ম কানুন দ্বারা শব্দের গঠন ও রূপান্তর জানা যায় সে নিয়ম কানুনকে কি বলে?
- ৩। علم الصرف দ্বারা ক'টি বিষয় জানা যায়?
- ৪। علم الصرف দ্বারা শব্দের গঠন জানা যায়, আর কি জানা যায়?
- ৫। علم الصرف দ্বারা শব্দের রূপান্তর জানা যায়, আর কি জানা যায়?
- ৬। শব্দ গঠনের এবং শব্দের রূপান্তরের একটি করে উদাহরণ দাও।
- ৭। علم الصرف এর উদ্দেশ্য কি?
- ৮। কেন আমরা علم الصرف শিখবো?
- ৯। علم الصرف না জানলে আমাদের কী অসুবিধা হবে?
- ১০। علم الصرف জানলে আমাদের কী সুবিধা হবে?
- ১১। শব্দের গঠন ও রূপান্তরের ভুল-ভ্রান্তি হতে বাঁচার উপায় কি?
- ১২। علم الصرف কোন কোন ক্ষেত্রে আমাদেরকে ভুল-ভ্রান্তি হতে রক্ষা করে?
- ১৩। علم الصرف দ্বারা কি আমরা বাক্য গঠন করতে পারবো?
- ১৪। علم الصرف দ্বারা কি আমরা শব্দ গঠন করতে পারবো?
- ১৫। علم الصرف দ্বারা কি আমরা শব্দের রূপান্তর বুঝতে পারবো?
- ১৬। علم الصرف এর আলোচ্যবিষয় কি?
- ১৭। কোন ধরনের শব্দ علم الصرف এর আলোচ্যবিষয়?
- ১৮। পরিবর্তনযোগ্য اسم ও فعل বলতে কি বুঝে?
- ১৯। اسم ও فعل এই الْكِتَابَةُ، كَتَبَ، يَكْتُبُ، أَكْتُبُ، كَاتِبٌ، مَكْتُوبٌ গুলো পরিবর্তনযোগ্য এটা প্রমাণ করো।
- ২০। علم الصرف এর আলোচ্যবিষয় নয় কেন? عَسَىٰ و لَيْسَ
- ২১। علم الصرف এর আলোচ্যবিষয় নয় কেন? إِذْ و حَيْثُ
- ২২। علم الصرف এর আলোচ্যবিষয় কেন? قَرَأَ ও قِرَاءَةٌ

فوائد ضرورية .

কয়েকটি জরুরী বিষয়

علم الصرف এর মূল আলোচনা শুরু করার আগে কয়েকটি জরুরী বিষয় জেনে রাখা ভালো, তাহলে علم الصرف এর মূল আলোচনা বোঝা তোমার জন্য সহজ হবে। বিষয়গুলো এই-

☆ পেশকে ضَمَّ বলে, যবরকে فَتَحَ বলে এবং যেরকে كَسَرَه বলে।

☆ যাম্মা, ফাতহা ও কাসরাকে حَرَكَة বলে। আর হারকাত না হওয়াকে سُكُون বলে।

☆ এক রকমের দু'টি হরফ একত্র করে পড়াকে তাশদীদ বলে। যেমন মূলতঃ ছিলো دُ ب دُ ب دُ ব কে একত্র করে دُ পড়া হয়। এটাকে তাশদীদ বলে।

☆ নুন সাকিনকে তানবীন বলে। তবে এটাকে দুই যবর, দুই যের ও দুই পেশ আকারে লেখা হয়। যেমন, كَتَابِن, كَتَابِن, كَتَابِن এগুলোকে এভাবে লেখা হয় - كِتَابٌ, كِتَابًا, كِتَابٌ

☆ যাম্মাযুক্ত হরফকে مَضْمُون এবং ফাতহাযুক্ত হরফকে مَفْتُوح এবং কাসরাযুক্ত হরফকে مَكْسُور বলে।

☆ হারকাতওয়ালা হরফকে مُتَحَرِّك বলে। সুকুনওয়ালা হরফকে سَاكِن বলে এবং তাশদীদযুক্ত হরফকে مُشَدَّد বলে।

☆ أَخْرَفَ عَلَّةٍ এই তিনটি হরফকে এলাই বলে। প্রতিটিকে خُرْفٌ عَلَّةٍ বলে।

অনুশীলনী

১। إِنَّ اللَّهَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ এখানে হারকাত ও সুকুন চিহ্নিত করো।
অতঃপর তাশদীদ ও তানবীন চিহ্নিত করো।

২। إِنَّ رَبَّكَ سَمِيعٌ بَصِيرٌ এখানে مُتَحَرِّক ও سَاكِن হরফগুলো চিহ্নিত

করো । অতঃপর مَفْتُوح , مَضموم , مَكْسُور হরফগুলো চিহ্নিত করো ।

অতঃপর مُشَدَّد হরফগুলো চিহ্নিত করো ।

৩। নীচের বাক্যগুলোতে হরফে ইল্লতসমূহ চিহ্নিত করো ।

لَهُمْ جَنَّاتُ تَجْرِي مِنْ تَحْتِهَا الْأَنْهَارُ - وَاللَّهُ يَدْعُوَكُمْ إِلَى الْجَنَّةِ -
وَقَالَ رَبُّكُمْ ادْعُونِي أَسْتَجِبْ لَكُمْ

প্রশ্নমালা

১। হারকাত কাকে বলে ?

২। যাম্মা , ফাতহা ও কাসরাকে কি বলে ?

৩। হারকাতযুক্ত হরফকে কি বলে ?

৪। مُتَعَرِّك কাকে বলে?

৫। سَاكِن কাকে বলে এবং سَكُون কাকে বলে ?

৬। হারকাতমুক্ত হরফকে কি বলে এবং হারকাতযুক্ত হরফকে কি বলে ?

৭। তানবীন কাকে বলে এবং তা কি ভাবে লেখা হয় উদাহরণ দ্বারা দেখাও ।

৮। حَرْف عِلَّة কয়টি ও কি কি ?

৯। মাযমূম , মাফতূহ ও মাকসূর কাকে বলে ?

১০। তাশদীদ কাকে বলে উদাহরণসহ বুঝিয়ে বলো ।

১১। مُشَدَّد মূলত কয়টি হরফ ? مُشَدَّد কে পৃথক করে দেখাও ।

১২। তানবীনকে মূল অবস্থায় লিখে দেখাও , অতঃপর হারকাতের সংগে লিখে দেখাও ।

أقسام الكلمة

কালিমাহ ও তার প্রকার

راشد و ذهب : এই তিনটি কালিমাহ লক্ষ্য করো : إلى শব্দ দু'টির নিজস্ব অর্থ রয়েছে । আর শব্দ দু'টি নিজ নিজ অর্থ প্রকাশের ক্ষেত্রে স্বনির্ভর । অর্থাৎ নিজ অর্থ প্রকাশের জন্য অন্য শব্দের সাহায্য গ্রহণের প্রয়োজন নেই ।

তবে ذهب শব্দটি কালপ্রকাশক, কিন্তু راشد শব্দটি কোন কালপ্রকাশক নয় ।
ذهب শব্দটিকে فعل বলে এবং راشد শব্দটিকে اسم বলে ।

এবার إلى শব্দটি দেখো , তার একটি অর্থ রয়েছে , কিন্তু সাথে অন্য শব্দ যোগ না করা পর্যন্ত তার অর্থ স্পষ্ট রূপে বুঝে আসে না । যেমন- إلى المدرسة -
অর্থাৎ শব্দটি নিজের অর্থ প্রকাশের ক্ষেত্রে স্বনির্ভর নয় , অন্য শব্দের উপর নির্ভরশীল । এধরনের শব্দ ও কালিমাহকে حرف বলে ।

মূলকথা

حرف (গ) فعل (খ) اسم (ক) কালিমাহ তিন প্রকার

اسم - যে কালিমাহ নিজের অর্থ প্রকাশে স্বনির্ভর এবং তিন কালের কোন কাল প্রকাশ করে না তাকে ইসম বলে ।

فعل - যে কালিমাহ নিজের অর্থ প্রকাশে স্বনির্ভর এবং তিন কালের কোন একটি কাল প্রকাশ করে তাকে ফেয়েল বলে ।

حرف - যে কালিমাহ পরিষ্কার রূপে নিজের অর্থ প্রকাশে স্বনির্ভর নয় বরং অন্য শব্দের উপর নির্ভরশীল তাকে হরফ বলে ।

অনুশীলনী

১। পাঁচটি করে ইসম , ফেয়েল ও হরফ বনো ।

২। إِنَّ اللَّهَ لَا يَظْلِمُ مِثْقَالَ ذَرَّةٍ এ বাক্যে ইসম , ফেয়েল ও হরফ চিহ্নিত করো ।

প্রশ্নমালা

- ১। ইসম কাকে বলে ?
- ২। ফেয়েল কাকে বলে ?
- ৩। হরফ কাকে বলে ?
- ৪। ইসম কি নিজের অর্থ প্রকাশে স্বনির্ভর ?
- ৫। ফেয়েল কি নিজের অর্থ প্রকাশের ক্ষেত্রে স্বনির্ভর ?
- ৬। ইসম ও ফেয়েলের মাঝে মিল কোথায় ?
- ৭। ইসম ও ফেয়েলের মাঝে কোনটি কালপ্রকাশক ?
- ৮। ইসম ও ফেয়েলের মাঝে অমিল কোথায় ?
- ৯। হরফ কি স্বনির্ভর রূপে নিজের অর্থ প্রকাশ করে ?
- ১০। كتاب কালিমাটি ফেয়েল নয় কেন ?
- ১১। ذَهَبَ ، يَذْهَبُ ، اِذْهَبْ শব্দগুলো ফেয়েল তা প্রমাণ করো ।

أقسام الفعل

ফেয়েলের তিন প্রকার

কালিমাহর একটি প্রকার হলো ফেয়েল একথা আগের পাঠে তুমি জেনেছো। সেই সংগে ফেয়েলের পরিচয়ও তোমার জানা হয়েছে। আচ্ছা বলো দেখি اسم ও فعل এর মাঝে পার্থক্য কি? হাঁ, ইসম তার নিজস্ব অর্থের সংগে কোন কাল প্রকাশ করে না কিন্তু ফেয়েল তার নিজস্ব অর্থের সংগে তিন কালের কোন একটি কাল প্রকাশ করে।

এই কাল হিসাবে فعل তিন প্রকার ماضي، مضارع، أمر

উদাহরণ দেখো -

فَرَأَ (রাশেদ পড়ছে) এখানে فَرَأَ ফেয়েলটি কি বুঝিয়েছে?

একথা বুঝিয়েছে যে, قِرَاءَة মাছদার বা কর্মটি অতীত কালে ঘটছে।

যে فعل একথা বোঝায় যে, মাছদার বা কর্মটি অতীত কালে ঘটছে

তাকে فِعْلٌ مَاضِي বলে।

কয়েকটি উদাহরণ-

كَتَبَ، شَرَبَ، أَكَلَ، صَلَّى، عَلَّمَ، تَعَلَّمَ، صَامَ، نَامَ، جَاهَدَ، سَافَرَ

يَقْرَأُ (মাহমুদ পড়বে বা পড়ছে) এখানে يَقْرَأُ ফেয়েলটি কি

বুঝিয়েছে?

একথা বুঝিয়েছে যে, قِرَاءَة মাছদার বা কর্মটি বর্তমান কালে ঘটছে বা

ভবিষ্যত কালে ঘটবে।

যে ফেয়েল একথা বোঝায় যে, মাছদার বা কর্মটি বর্তমান কালে কিংবা

ভবিষ্যত কালে ঘটবে তাকে فِعْلٌ مُضَارِعٌ বলে।

কয়েকটি উদাহরণ-

يَكْتُبُ، يَشْرَبُ، يَأْكُلُ، يَصَلِّي، يُعَلِّمُ، يَتَعَلَّمُ، يَصُومُ، يَنَامُ، يَجَاهِدُ، يَسَافِرُ

إِقْرَأْ ফেয়েলটি কি (পড়ো তোমার প্রতিপালকের নামে) অথানে (اِقْرَأْ بِسْمِ رَبِّكَ) অর্থ বোঝায় ?

إِقْرَأْ এর কাছে قِرَاءَةٌ মাছদার বা কর্মটি সম্পন্ন করার দাবী বোঝায় ।
অর্থাৎ হে مُخَاطَبُ তুমি قِرَاءَةٌ মাছদার বা কর্মটি ভবিষ্যত কালে সম্পন্ন করো ।
যে ফেয়েল مُخَاطَبُ এর কাছে ভবিষ্যতকালে মাছদার বা কর্মটি সম্পন্ন করার দাবী জানায় তাকে فِعْلُ الْأَمْرِ বলে ।

কয়েকটি উদাহরণ-

اُكْتُبْ، اِشْرَبْ، كُلْ، صَلِّ، عَلِّمْ، تَعَلَّمْ، صَمِّ، نَمْ، جَاهِدْ، سَافِرْ

উপরের আলোচনা থেকে তুমি নিশ্চয় বুঝতে পেরেছো যে , فِعْلُ এর মূল অর্থ হলো কোন কালে কোন মাছদার বা কর্মের সংঘটন । অতঃপর ফেয়েল তার কাঠামোগত কারণে এই অর্থের পাশাপাশি তিন কালের কোন একটি কাল প্রকাশ করে ।

فِعْلُ ماضِي শুধু অতীত কাল প্রকাশ করে । فِعْلُ مضارع বর্তমান ও ভবিষ্যত কাল প্রকাশ করে, আর فِعْلُ الْأَمْرِ শুধু ভবিষ্যত কাল প্রকাশ করে ।

মূলকথা

- ১। কাল হিসাবে فِعْلُ তিন প্রকার ماضি ، مضارع ، أمر
- ২। যে ফেয়েল একথা বোঝায় যে, মাছদারটি অতীত কালে ঘটছে তাকে فِعْلُ ماضি বলে ।
- ৩। যে ফেয়েল একথা বোঝায় যে, মাছদারটি বর্তমান কালে ঘটছে কিংবা ভবিষ্যত কালে ঘটবে তাকে فِعْلُ مضارع বলে ।
- ৪। যে ফেয়েল ভবিষ্যত কালে মাছদারটি সম্পন্ন করার আদেশ বোঝায় তাকে فِعْلُ الأمر বলে ।

১। ইবাচক ফেয়েলকে فِعْلُ مُثَبِّت বলে । যেমন قَرَأَ - يقرأ

না-বাচক ফেয়েলকে فِعْلُ مَنْفِي বলে । যেমন لَا يَقْرَأُ

অনুশীলনী

১। নীচের বাক্য গুলোতে امر , مضارع , ماضي চিহ্নিত করো ।

فَمَا رِيحَتْ نَجَارَتُهُمْ - لَا تَقْنَطُوا مِنْ رَحْمَةِ اللَّهِ - إِنَّ اللَّهَ يَغْفِرُ الذُّنُوبَ
جَمِيعًا - يَبْتَغِزُونَ إِلَيْكُمْ إِذَا رَجَعْتُمْ إِلَيْهِمْ ، قُلْ لَا تَعْتَذِرُوا قَدْ نَبَأْنَا اللَّهُ مِنْ
أَخْبَارِكُمْ

২। কোরআন শরীফের যে কোন স্থান থেকে পাঁচটি ماضي পাঁচটি مضارع
এবং পাঁচটি امر বের করো ।

৩। তিনটি বাক্য বলো যাতে তিন প্রকার ফেয়েলের ব্যবহার এসে যায় । •

প্রশ্নমালা

১। ফেয়েলের উপরোক্ত তিন ভাগ কোন হিসাবে করা হয়েছে ?

২। কাল হিসাবে ফেয়েল কত প্রকার ও কি কি ?

৩। فعل الامر কাকে বলে?

৪। فعل الامر দ্বারা কাকে কি আদেশ করা হয় ?

৫। যে ফেয়েল দ্বারা مخاطب কে মাছদারটি ভবিষ্যতে সম্পন্ন করার আদেশ
করা হয় তাকে কি বলে ?

টীকা (পূর্ব পৃষ্ঠার পর)

যে ফেয়েলের فاعل উল্লেখিত থাকে তাকে فِعْلٌ مَعْرُوف বলে। যেমন-
نَصَرَ فَيْضُ بْنُ رَاشِدٍ خَالِدًا এখানে نَصَرَ ফেয়েলটি معروف কেননা তার ফায়েল উল্লেখিত
হয়েছে। رَاشِد শব্দটি হচ্ছে ফায়েল ।

যে ফেয়েলের ফায়েল অনুল্লেখিত থাকে তাকে فِعْلٌ مَجْهُول বলে। যেমন-
نَصَرَ خَالِدٌ এখানে نَصَرَ ফেয়েলটি مجهول কেননা তার ফায়েল উল্লেখিত
নেই। বরং به مفعول কে ফায়েলের স্থলবতী করা হয়েছে। একারণেই তা
منصوب না হয়ে مرفوع হয়েছে।

৬। فعل الامر এর মাঝে কোন কাল পাওয়া যায় ?

৭। মাছদারটি অতীত কালে সম্পন্ন হয়েছে একথা কোন ফেয়েল বুঝায় ?

৮। فعل ماضي কাকে বলে?

৯। فعل مضارع এর পরিচয় বলো ।

১০। فعل مضارع কোন কোন কালে মাছদারটি সম্পন্ন হওয়া বুঝায় ?

১১। কোন ফেয়েল কোন কাল প্রকাশ করে ?

الحروف الأصلية

মূল হরফ

كَلَّمَ و كَتَبَ কালিমা দু'টি দেখো; উভয় কালিমা তিনটি করে হরফ দ্বারা তৈরী। এই তিন হরফের একটি হরফও যদি বাদ দাও তাহলে শব্দটি নষ্ট হয়ে যাবে। অর্থাৎ শব্দটির মূল কাঠামো ভেংগে গিয়ে তা অর্থহীন হয়ে পড়বে। কেননা এই তিনটি হরফের প্রতিটি হরফ শব্দের মূলকাঠামোর অন্তর্ভুক্ত। আরবী ভাষার অধিকাংশ শব্দেরই মূল হরফ তিনটি।

عَفَّرَ و بَغَّرَ শব্দ দু'টি দেখো; উভয় শব্দ চারটি করে হরফ দ্বারা গঠিত। এই চারটি হরফের কোন একটি হরফ যদি বাদ দাও তাহলে শব্দটি নষ্ট হয়ে যাবে। অর্থাৎ শব্দটির মূল কাঠামো ভেংগে গিয়ে তা অর্থহীন হয়ে পড়বে। কেননা এই চারটি হরফের প্রতিটি হরফ শব্দের মূল কাঠামোর অন্তর্ভুক্ত। আরবী ভাষার সামান্য কিছু শব্দের মূল হরফ চারটি।

جَحْمَرِش ইসমটি পাঁচ হরফবিশিষ্ট এই পাঁচটি হরফের একটি হরফও যদি বাদ দাও তাহলে শব্দটির মূল কাঠামো ভেংগে যাবে এবং শব্দটি অর্থহীন হয়ে পড়বে। কেননা এই পাঁচ হরফের প্রতিটি হরফ শব্দের মূল কাঠামোর অন্তর্ভুক্ত। আরবী ভাষায় অতি অল্প সংখ্যক ইসম রয়েছে যেগুলোর মূল হরফ পাঁচটি, কিন্তু মূল পাঁচ হরফের কোন ফেয়েল নেই।

উপরের আলোচনার খোঁজা হলো—

মূলকথা

- ১। শব্দের মূল কাঠামোর অন্তর্ভুক্ত হরফকে **الْحَرْفُ الْأَصْلِيُّ** বলে।
- ২। আরবী ভাষার অধিকাংশ ইসম ও ফেয়েলের মূল হরফ তিনটি। এগুলোকে **ثَلَاثِي** (বা ত্রিমূল) বলে।
- ৩। কিছু সংখ্যক ইসম ও ফেয়েলের মূল হরফ চারটি। এগুলোকে **رُبَاعِي** (বা চতুর্মূল) বলে।
- ৪। অতি অল্প সংখ্যক ইসমের মূল হরফ পাঁচটি এগুলোকে **خُمَاسِي** (বা পঞ্চমূল) বলে। কিন্তু **خُمَاسِي** কোন ফেয়েল নেই।

الْحُرُوفُ الزَّائِدَةُ

অতিরিক্ত হরফ

عَلَّمَ - تَعَلَّمَ - اسْتَعْلَمَ এই তিনটি ফেয়েল দেখো; প্রথম ফেয়েলের হরফ-সংখ্যা চারটি, দ্বিতীয় ফেয়েলের হরফ-সংখ্যা পাঁচটি এবং তৃতীয় ফেয়েলের হরফ-সংখ্যা ছয়টি। কিন্তু ফেয়েলগুলোর মূল হরফ তিনটি। অর্থাৎ **ع - ل - م** কেননা এই তিনটি হরফের কোন একটি হরফ যদি তুমি বাদ দাও তাহলে শব্দটির মূল কাঠামো ভেঙে যাবে এবং শব্দটি অর্থহীন হয়ে পড়বে।

অথচ প্রথম ফেয়েলের একটি **ل** এবং দ্বিতীয় ফেয়েলের একটি **ت** ও একটি **ل** এবং তৃতীয় ফেয়েলের **س ت**। এই হরফগুলো বাদ দিলে তাতে ফেয়েলের মূল কাঠামো ভেঙে পড়ে না, বরং তিন হরফ দ্বারাই ফেয়েলের মূল অস্তিত্ব বজায় থাকে।

তাহলে বোঝা গেলো; এই ফেয়েলগুলোর মূল হরফ তিনটি, তবে প্রতিটি ফেয়েলের সাথে এক বা একাধিক অতিরিক্ত হরফ রয়েছে।

এবার **افرنقع** ও **تذخرج** ফেয়েল দু'টি লক্ষ্য করো; প্রথম ফেয়েলের হরফ-সংখ্যা পাঁচটি এবং দ্বিতীয় ফেয়েলের হরফ-সংখ্যা ছয়টি, কিন্তু উভয় ফেয়েলের মূল হরফ চারটি। অর্থাৎ (**ف - ر - ق - ع** ও **د - ح - ر - ج**) কেননা এই চার হরফের কোন একটি হরফ বাদ দিলে ফেয়েলের মূল

কাঠামো ভেঙে যায় এবং তা অর্থহীন হয়ে পড়ে ।

অথচ প্রথম ফেয়েলের (ت) এবং দ্বিতীয় ফেয়েলের (اِ ও ن) বাদ দিলেও ফেয়েলের মূল কাঠামো ভেঙে যায় না বরং চার হরফ দ্বারাই ফেয়েলের মূল অস্তিত্ব বজায় থাকে ।

তাহলে বোঝা গেলো , উপরোক্ত ফেয়েলদুটির মূল হরফ চারটি, তবে সাথে অতিরিক্ত হরফ রয়েছে । শুধু মূল হরফ দ্বারা গঠিত শব্দগুলোকে مُجَرَّد বলে । আর মূল হরফের সাথে অতিরিক্ত হরফ যুক্ত হলে তাকে مُزِيدٌ فِيهِ বলে ।

মূলকথা

১। শব্দের মূল হরফগুলোকে الْحُرُوفُ الْأَصْلِيَّةُ বলে । একটিকে الْحَرْفُ الْأَصْلِيُّ বলে এবং মূলের অতিরিক্ত হরফগুলোকে الْحُرُوفُ الزَّائِدَةُ বলে ।

২। শব্দের মূল হরফ তিনটি হলে ثَلَاثِي (বা ত্রিমূল) চারটি হলে رُبَاعِي (বা চতুর্মূল) এবং পাঁচটি হলে خُمَاسِي (বা পঞ্চমূল) বলে । তবে ফেয়েল শুধু ثَلَاثِي ও رُبَاعِي হয় , خُمَاسِي হয় না ।

৩। শুধু মূল হরফ দ্বারা গঠিত শব্দকে مُجَرَّد (মুক্তমূল) বলে ।
মুজাররাদ দুই প্রকার-

ثَلَاثِي مُجَرَّد (মুক্ত ত্রিমূল) - رُبَاعِي مُجَرَّد (মুক্ত চতুর্মূল)

৪। মূল হরফের সংগে অতিরিক্ত হরফ যোগ করে গঠিত শব্দকে مُزِيدٌ فِيهِ (যুক্ত মূল) বলে । মায়ীদ ফীহ দুই প্রকার-

ثَلَاثِي مُزِيدٌ (যুক্ত ত্রিমূল) - رُبَاعِي مُزِيدٌ (যুক্ত চতুর্মূল)

অনুশীলনী

১। নীচের বাক্যগুলোতে কোন ফেয়েলের মূল হরফ কয়টি ও কি কি বলো এবং ছুলাছী ও রুবাসী গুলো পৃথক করো ।

الآن حَصَّصْ لِي الْحَقَّ - دَخَرَ اللَّاعِبَ الْكَرَّةَ إِلَى الْأَمَامِ - تَدَخَّرَتْ الْكَرَّةُ
إِلَى الْأَمَامِ - يَعْتَذِرُونَ إِلَيْكُمْ إِذَا رَجَعْتُمْ إِلَيْهِمْ - اسْتَغْفِرُوا رَبَّكُمْ
إِنَّهُ كَانَ غَفَّارًا

২। নীচের মজরদ ও ইসমগুলো পৃথক করো।

وَمَا اللَّهُ بِظَلَّامٍ لِلْعِبَادِ - يُعِثُّ لَأَنْتُمْ مَكَارِمَ الْأَخْلَاقِ - إِنَّ الْمُبْدِرِينَ كَانُوا إِخْوَانَ
الشَّيْطَانِ - لَا تَبْغِثْ أَثَاثَ الْبَيْتِ هُنَا وَهُنَا -

৩। নীচের মুজাররাদগুলোকে এ রূপান্তরিত করো।

يَعْمَلُ - مَا خَرَجُوا - جَلَسْتُمْ - قَامَ - لَبَسْتُ - صَدَقْتَ - قَتَلُوا -

৪। নীচের ফেয়েলগুলোকে এ রূপান্তরিত করো।

تَعَلَّمُوا - أَدْخَلَ - تَبَغَّثَ - يَفْتَرُونَ - سَلَّمْتُ -

প্রশ্নমালা

১। কোন কালিমাতে ثلاثي বা رباعي বলে?

২। কালিমার মূল হরফ কয়টি হলে তাকে ثلاثي বা رباعي বলে?

৩। কালিমার মূল হরফ তিনটি হলে তাকে কি বলে এবং চারটি হলে
তাকে কি বলে?

৪। ثلاثي ও رباعي এবং خماسي এর মাঝে পার্থক্য কি?

৫। ফেয়েল ও ইসম উভয়টি কি ثلاثي ও رباعي হতে পারে?

৬। ফেয়েল ও ইসম উভয়টি কি خماسي হতে পারে?

৭। الحرف الاصلية কাকে বলে?

৮। যে সকল হরফ কালিমার মূল কাঠামোর অন্তর্ভুক্ত সেই হরফগুলোকে
কি বলে?

৯। যে সকল হরফ শব্দের মূল কাঠামোর অন্তর্ভুক্ত নয় সেই হরফগুলোকে
কি বলে?

১০। الحروف الزائدة কাকে বলে?

- ১১। কালিমার মূল হরফ ও অতিরিক্ত হরফ গুলো বোঝার উপায় কি ?
- ১২। اِسْتَطْعَمَ ফেয়েলটি থেকে (ا - س - ت) এই তিনটি হরফ বাদ দিলে কি শব্দের মূল কাঠামো অক্ষুণ্ণ থাকে ?
- ১৩। اِسْتَطْعَمَ ফেয়েলটি থেকে (ط - ع - م) এই তিনটি হরফের কোন একটি বাদ দিলে কি শব্দের মূল কাঠামো অক্ষুণ্ণ থাকে ?
- ১৪। উপরের ফেয়েলটিতে (ا - س - ت) এই হরফগুলো الحروف নয় বরং الحرف الزائدة তা কিভাবে বুঝলে?
- ১৫। উপরের ফেয়েলটিতে (ط - ع - م) এই হরফগুলো الحروف الاصلية তা কিভাবে বুঝলে ?
- ১৬। উপরের ফেয়েলটিতে (ط - ع - م) এই হরফগুলো মূল এবং (ا - س - ت) এই হরফগুলো অতিরিক্ত তা প্রমাণ করো ।
- ১৭। مجرد ও مزيد কাকে বলে?
- ১৮। শুধু মূল হরফ দ্বারা গঠিত শব্দকে কি বলে?
- ১৯। মূল হরফের সংগে অতিরিক্ত হরফ যোগ করে গঠিত শব্দকে কি বলে?
- ২০। কোন শব্দে মূল হরফের সর্বোচ্চ ও সর্বনিম্ন সংখ্যা ক'টি ?
- ২১। ইসমের মূল হরফের সর্বোচ্চ ও সর্বনিম্ন সংখ্যা ক'টি ?
- ২২। ফেয়েলের মূল হরফের সর্বোচ্চ ও সর্বনিম্ন সংখ্যা ক'টি ?
- ২৩। শব্দের অতিরিক্ত হরফের সর্বোচ্চ ও সর্বনিম্ন সংখ্যা ক'টি ?
- ২৪। رباعي ও ثلاثي - শব্দের এ বিভাজন কোন হিসাবে ?
- ২৫। মূল হরফের সংখ্যার দিক থেকে ফেয়েল কত প্রকার ?
- ২৬। مجرد ও مزيد - ফেয়েলের এই বিভাজন কোন হিসাবে ?
- ২৭। মূল হরফের সংগে অতিরিক্ত হরফ থাকা না থাকার দিক থেকে ফেয়েল কত প্রকার ?
- ২৮। مجرد ও مزيد কত প্রকার ?

المِيزَانُ الصَّرْفِيُّ

শব্দ-পরিমাপক

ছারফ শাস্ত্রের পরিভাষায় ميزان শব্দটি খুবই পরিচিত শব্দ। এবার তোমাকে আমরা ميزان এর পরিচয় বলছি।

শব্দের মূল হরফ ও অতিরিক্ত হরফের কথা তুমি পড়েছো এবং শব্দের মূল হরফ ও অতিরিক্ত হরফ বোঝায় একটা উপায় তুমি জেনেছো, অর্থাৎ যে হরফ বাদ দিলে শব্দের মূল কাঠামো ভেঙে গিয়ে শব্দটি অর্থহীন হয়ে পড়ে সেই হরফটি হলো মূল হরফ। আর যে হরফটি বাদ দিলে শব্দটির মূল কাঠামো ভেঙে পড়ে না বরং শব্দটির মূল অস্তিত্ব বজায় থাকে ঐ হরফটি হলো অতিরিক্ত হরফ। কিন্তু এভাবে শব্দের মূল হরফ ও অতিরিক্ত হরফ চিহ্নিত করা বেশ কঠিন।

ছারফশাস্ত্রের বিশারদগণ শব্দের মূল হরফ অতিরিক্ত হরফ বোঝার একটা সহজ উপায় বের করেছেন। অর্থাৎ (ف-ع-ل) এই তিনটি হরফ দ্বারা কিংবা সাথে আরো কিছু হরফ যোগ করে তারা কতগুলো মাপ তৈরী করেছেন। যেমন فَعَلَ - اِفْتَعَلَ - فَاعِلٌ - مَفْعُولٌ - تَفَاعَلَ - فُعُولٌ ইত্যাদি।

এগুলোকে ميزان (বা শব্দ-মাপ) বলে। ميزان এর মূল হরফ হলো (ف)। (ف-ع-ল) তবে কোন কোন মীযানে (ف-ع-ল) ছাড়া আরো কিছু হরফ যুক্ত হয়। যেমন- اِفْتَعَلَ

এখন তুমি যে কোন একটি শব্দ নাও এবং খুঁজে দেখো, কোন ميزان এর সংগে শব্দটি খাপ খায়। যার সাথে শব্দটি খাপ খাবে সেটাই হলো শব্দটির ميزان আর শব্দটিকে বলা হয় موزون (বা পরিমাপিত) -

যেমন نَصَرَ শব্দটি فَعَلَ এর সাথে খাপ খায়, সুতরাং فَعَلَ হলো نَصَرَ এর ميزان আর نَصَرَ হলো موزون

তদ্রূপ نَاصِرٌ শব্দটি فَاعِلٌ এর সাথে খাপ খায়, সুতরাং فَاعِلٌ হলো نَاصِرٌ এর ميزان আর نَاصِرٌ হলো موزون

إِسْتَفْعَلَ শব্দটি ইসْتَفْعَلَ এর সাথে খাপ খায়, সুতরাং ইসْتَفْعَلَ হলো ইসْتَنْصَرَ এর মِيزান আর ইসْتَنْصَرَ হলো মوزুন।

আশা করি মِيزান ও মوزুন এর বিষয়টি তুমি বুঝতে পেরেছো। আচ্ছা বলো দেখি, اِغْتَسَلَ এর মِيزান কী? এবং مُجَاهِدٌ ও مُفَاعِلٌ এর কোনটি মِيزান এবং কোনটি মوزুন?

এবার শোন আরেকটি জরুরী কথা, মوزুন এর যে হরফগুলো মِيزান এর (ف - ع - ج) এর বরাবরে হবে সেগুলো মূল হরফ। আর যে হরফগুলো (ن - ص - ر) এর বাইরে হবে সেগুলো অতিরিক্ত হরফ। যেমন-

نَصَرَ
فَعَلَ

এখানে (ن - ص - ر) এই তিনটি হরফ (ف - ع - ج) এর বরাবরে এসেছে। সুতরাং (ن - ص - ر) হলো মূল হরফ। এখানে অতিরিক্ত কোন হরফ নেই। আবার দেখো,

نَاصِرٌ اِنْتَصَرَ اِصْطَرَّ
فَاعِلٌ اِفْتَعَلَ اِسْتَفْعَلَ

উপরের তিনটি উদাহরণে (ن - ص - ر) এই হরফগুলো মِيزান এর (ف - ع - ج) এর বরাবরে এসেছে সুতরাং এগুলো মূল হরফ। কিন্তু ناصِر এর الف এই الف - سين - تاء এর اِصْطَرَّ এর نون এবং اِنْتَصَرَ এর الف এবং اِسْتَفْعَلَ এর (ف - ع - ج) এর বাইরে এসেছে। সুতরাং এগুলো অতিরিক্ত হরফ।

মوزুন এর প্রথম হরফটি মِيزান এর (ف) এর বরাবরে এসেছে, সেজন্য প্রথম হরফটিকে ফা-কালিমা বলে। তদ্রূপ দ্বিতীয় হরফটি ع এর বরাবরে এসেছে, এজন্য দ্বিতীয় হরফটিকে আইন-কালিমা বলে। আর তৃতীয় হরফটি ل এর বরাবরে এসেছে, এজন্য তৃতীয় হরফটিকে লাম-কালিমা বলে।

আরেকটি কথা শোনো, যেহেতু অধিকাংশ আরবী শব্দ ثلاثي (বা ত্রিমূল)

সেহেতু মِيزান তৈরী হয়েছে (ل - ع - ف) এই মূল তিন হরফ দ্বারা । কিন্তু যে সকল শব্দের মূল হরফ চা বা পাঁচ সেই ربايعي ও خماسي শব্দগুলোর মِيزান কেমন হবে ?

উত্তর খুবই সোজা . অর্থাৎ মِيزান এর ل কে একবার বা দুই বার পুনঃউচ্চারণ করলেই ربايعي বা خماسي এর মِيزান হয়ে যাবে । যেমন, بَعَثَ এর মِيزান হলো فَعْلَلْ তদ্রূপ جَعَمَرَشُ এর মِيزান হলো فَعْلَلْ

মূলকথা

১। শব্দের মূল হরফ ও অতিরিক্ত হরফ নির্ধারণের জন্য তৈরীকৃত শব্দ-মাপকে মِيزান বলে । এবং মِيزান দ্বারা পরিমাপকৃত শব্দকে موزون বলে ।

২। মِيزান এর মূল হরফ হলো (ل - ع - ف) তবে অধিকাংশ মِيزানের ক্ষেত্রে (ل - ع - ف) এর সংগে এক বা একাধিক অতিরিক্ত হরফ যুক্ত হয় ।

৩। موزون এর যে হরফগুলো মِيزান এর (ل - ع - ف) এর বরাবরে হবে সেগুলো মূল হরফ আর (ل - ع - ف) এর বাইরের হরফগুলো হলো অতিরিক্ত হরফ ।

৪। মِيزান এর (ل - ع - ف) এর বরাবরে موزون এর যে হরফগুলো হবে সেগুলোকে যথাক্রমে ফা-কালিমা, আইন-কলিমা ও লাম-কলিমা বলে ।

৫। ربايعي শব্দের ক্ষেত্রে মِيزান এ একটি ل এবং خماسي শব্দের ক্ষেত্রে মِيزান এ দু'টি ل বর্ধিত করা হয় ।

অনুশীলনী

১। নীচের মِيزান গুলোর অতিরিক্ত হরফ চিহ্নিত করো ।

أَفْعَلْ - مَفْعَلٌ - مَفَاعِيلٌ - فُعُولٌ - مُسْتَفْعِلٌ - تَفْعَلَلْ - إِنْغِيلَالٌ

تَفَاعَلَ - مَفْعُولٌ - فَعَلَ - اِنْفَعَلَ - فِعَالَةٌ - مَتَفَعَّلٌ

মিযান (ক) এর প্রতিটি মوزন এর জন্য (খ) থেকে সঠিক মিযান নির্ধারণ করো।

(ক) بَيْضَاءُ - أَحْمَرُ - تَعَلَّمَ - حِكْمَةٌ - قُدْرَةٌ - تَزْيِينَةٌ - مُجَاهِدٌ - تَدَخَّرَ - بَعَثَ - تَبَعَثَ - غُرُوبٌ - مَتَعَلَّمٌ - خِيَاطَةٌ

(খ) فِعْلَةٌ - مَفَاعِلٌ - تَفْعِلَةٌ - فُعْلَةٌ - فُعُولٌ - تَفْعِلَلٌ - تَفَعَّلٌ - فَعْلَلٌ فَعْلَلٌ فَعْلَلٌ - مَتَفَعَّلٌ - فِعَالَةٌ - أَفْعَلٌ

৩। নীচের মوزনগুলোর মিযান নির্ধারণ করো। অতঃপর মوزন এর মূল হরফ ও অতিরিক্ত হরফ চিহ্নিত করো।

اِسْتَفْغَرَ - مَفَاتِيحٌ - مِصْبَاحٌ - عِلْمٌ - اِخْتِشَاشٌ - اِقْشَعَرٌ - اِنْكَسَرَ - بُكَاءٌ
اِظْهَرَ - اِذْهِيْمَامٌ - مَتَوَاضِعٌ - اِحْمِرَارٌ

৫। প্রতিটি মিযান এর তিনটি করে মوزন উল্লেখ করো এবং মূল হরফ ও অতিরিক্ত হরফ নির্ধারণ করো।

اِنْفَعَلَ - مَفَاعِيلٌ - تَفَعَّلَ - يَسْتَفْعِلُونَ - فُعُولٌ

প্রশ্নমালা

১। মিযান কাকে বলে ?

২। মিযান এর পরিচয় বলো।

৩। শব্দের মূল হরফ ও অতিরিক্ত হরফ বোঝার জন্য যে মাপ তৈরী করা হয়েছে তাকে কি বলে ?

৪। মিযান এর উদ্দেশ্য কি ?

৫। মিযান কেন তৈরী করা হয়েছে ?

৬। মوزন কাকে বলে ?

৭। মিযান দ্বারা যে শব্দ পরিমাপ করা হয় সে শব্দকে কি বলে ?

৮। মিযান এর মূল হরফ কয়টি ও কি কি ?

- ৯। মوزون এর মূল হরফ কোনগুলো এবং অতিরিক্ত হরফ কোনগুলো ?
- ১০। শব্দের মূল হরফ ও অতিরিক্ত হরফ বোঝার উপায় কি ?
- ১১। تَصَدَّقْ এখানে মূল হরফগুলো কি কি ?
- ১২। ميزان এর মূল হরফ তিনটি কেন রাখা হয়েছে ?
- ১৩। সাধারণতঃ আরবী শব্দের মূল হরফ কয়টি ?
- ১৪। মوزون যদি رباعي হয় তাহলে ميزان কেমন হবে ?
- ১৫। মوزون যদি خماسي হয় তাহলে ميزان কেমন হবে ?
- ১৬। কখন ميزان এ একটি ل এবং কখন দু'টি ل বাড়ানো হয় ?
- ১৭। تَفَعَّلَ এই ميزان এর মূল হরফ কয়টি ও কি কি ?
- ১৮। فَعَّلَلَ এই ميزان এর মূল হরফ কয়টি ও কি কি ?
- ১৯। ফা-কালিমা, আইন-কালিমা ও লাম-কালিমা কাকে বলে ?
- ২০। ميزان এর ف কিংবা ع কিংবা ل এর বরাবরে موزون এর যে হরফটি বসে তাকে কি বলে ?
- ২১। رَضَوَانُ শব্দের কোন হরফটি ميزان এর ل এর বরাবরে রয়েছে ?
- ২২। مَجْلِسٌ শব্দের কোন হরফটি ميزان এর ف এর বরাবরে রয়েছে ?
- ২৩। سَمَاعَةٌ শব্দের কোন হরফটি ميزان এর ع এর বরাবরে রয়েছে ?

শোন হে ভাই! ছয়টি গুণ ছাড়া কিছুতেই তুমি ইলম হাছিল করতে পারবে না। মেধা, আগ্রহ, সাধনা, (অল্প রিযিকের) সন্তুষ্টি, উস্তাদের সোহবত এবং সুদীর্ঘ সময় ব্যয়।

- ইমাম শাফেয়ী (রহঃ)

كَيْفَ يُغَرَّفُ الْمَجْرَدُ وَ الْمَزِيدُ فِيهِ

মুক্তমূল ও যুক্তমূল চেনার উপায়

ইতিপূর্বে তুমি مجرد ও مزيد এর পরিচয় জেনেছো, مجرد (বা মুক্তমূল) শব্দে শুধু মূল হরফ থাকে, অতিরিক্ত কোন হরফ থাকে না। আর مزيد (বা যুক্তমূল) শব্দে মূল হরফের সংগে অতিরিক্ত এক বা একাধিক হরফ যুক্ত হয়।

তবে মনে রাখতে হবে যে, مجرد ও مزيد নির্ধারণের মাপকাঠি হলো টি فعل এর مَاضِي وَاحِدٌ مُذَكَّرٌ غَائِبٌ। অর্থাৎ এই ফেয়েলটিতে অতিরিক্ত হরফ না থাকলে তাকে مجرد বলা হবে। এই ফেয়েল থেকে তৈরী অন্যান্য مضارع، ماضي، امر، اسم الفاعل، اسم المفعول ইত্যাদিতে যদি মূল হরফের সংগে অতিরিক্ত হরফ যুক্ত হয় তবু সেগুলো مجرد হবে, مزيد হবে না। সুতরাং فَتَحَ - فَتَحْتُمْ - يَفْتَحُونَ - فَاتِحٌ - مَفْتُوحٌ - مَفَاتِيحٌ ইত্যাদি সব ইসম ও ফেয়েল مجرد ثلاثي রূপে গণ্য হবে। কেননা প্রথম ফেয়েল فتح তে তিনটি মূল হরফের সংগে অতিরিক্ত কোন হরফ নেই।

তদ্রূপ رُبَاعِي مجرد কেমনা মূল ফেয়েল بَعَثَ তে চারটি মূল হরফের সংগে অতিরিক্ত কোন হরফ নেই।

পক্ষান্তরে اِفْتَتَحَ ও تَبَعَثَ ফেয়েল দু'টি যথাক্রমে ثلاثي ও رباعي মাযীদ ফীহি। কেননা এখানে اِفْتَتَحَ وَاحِدٌ مُذَكَّرٌ غَائِبٌ এর ফেয়েলটিতে মূল হরফের সংগে অতিরিক্ত হরফ যুক্ত হয়েছে।

سِلْسِلَةُ الْأَفْعَالِ

ক্রিয়ামালা

ماضي- مضارع - امر তিন প্রকার فعل এর তুমি আগেই পড়েছো যে,

এই তিনের প্রতিটি আবার দুই প্রকার معروف (কর্তৃবাচক ক্রিয়া) ও مجهول (কর্মবাচক ক্রিয়া) তাহলে ফেয়েল মোট ছয় প্রকার হলো। যথা-

مَا ضِي مَعْرُوف ১	مَا ضِي مَجْهُول ২
مُضَارِع مَعْرُوف ৩	مُضَارِع مَجْهُول ৪
أمر مَعْرُوف ৪	أمر مَجْهُول ৫

আর প্রত্যেক প্রকার ফেয়েলের মোট পনেরটি صيغه বা শব্দরূপ হয়ে থাকে। وَاحِد (বা একবচন) এর পাঁচটি, যথা -

وَاحِدٌ مُذَكَّرٌ حَاضِرٌ ৩	وَاحِدٌ مُؤَنَّثٌ غَائِبٌ ২	وَاحِدٌ مُذَكَّرٌ غَائِبٌ ১
وَاحِدٌ مُتَكَلِّمٌ (مُذَكَّرٌ وَ مُؤَنَّثٌ) ৫	وَاحِدٌ مُؤَنَّثٌ حَاضِرٌ ৪	

جَمْع (বা বহুবচন) এর পাঁচটি, যথা -

جَمْعٌ مُذَكَّرٌ حَاضِرٌ ৩	جَمْعٌ مُؤَنَّثٌ غَائِبٌ ২	جَمْعٌ مُذَكَّرٌ غَائِبٌ ১
جَمْعٌ مُتَكَلِّمٌ (مُذَكَّرٌ وَ مُؤَنَّثٌ) ৫	جَمْعٌ مُؤَنَّثٌ حَاضِرٌ ৪	

تَشْبِيه (বা দ্বিবচনের) পাঁচটি, যথা -

تَشْبِيهٌ مُذَكَّرٌ حَاضِرٌ ৩	تَشْبِيهٌ مُؤَنَّثٌ غَائِبٌ ২	تَشْبِيهٌ مُذَكَّرٌ غَائِبٌ ১
تَشْبِيهٌ مُتَكَلِّمٌ (مُذَكَّرٌ وَ مُؤَنَّثٌ) ৫	تَشْبِيهٌ مُؤَنَّثٌ حَاضِرٌ ৪	

এই পনেরটি ফেয়েলের একত্রিত নকশাকে سلسلة الافعال (ক্রিয়ামালা) বলে। এখানে আমরা ছয় প্রকার ফেয়েলের নকশা বা সিলসিলা পেশ করছি। প্রতিটি সিলসিলায় পনেরটি صيغه বা শব্দরূপ থাকবে। এই নকশা-ও সিলসিলা সম্পূর্ণ কণ্ঠস্থ করে নাও।

আরেকটা কথা এই যে, আমরা এখানে শুধু ميزان এর সিলসিলা পেশ করবো। সেটার উপর ভিত্তি করে তুমি বিভিন্ন موزون এর সিলসিলা তৈরী করতে পারবে।

আশা করি বিষয়টি তোমার জন্য কঠিন হবে না। কেননা الطريق إلى العربية কিতাবে এই নকশা ও সিলসিলা তুমি মোটামুটি মুখস্থ করে এসেছো।

ماضي مثبت معروف

مذكر غائب	واحد	সে করেছে বা করল।	{ فَعَلَ فَعَلْتُ
مذكر حاضر	واحد	তুমি করেছে বা করলে।	{ فَعَلْتَ فَعَلْتِ
مذكر متكلم	واحد	আমি করেছি বা করলাম।	{ فَعَلْتُ
مذكر غائب	جمع	তারা (সকলে) করেছে বা করল।	{ فَعَلُوا فَعَلْنَ
مذكر حاضر	جمع	তোমরা (সকলে) করেছে বা করলে।	{ فَعَلْتُمْ فَعَلْتُنَّ
مذكر متكلم	جمع	আমরা (সকলে) করেছি বা করলাম।	{ فَعَلْنَا
مذكر غائب	ثنائية	তারা (দু'জন) করেছে বা করল।	{ فَعَلَا فَعَلْنَا
مذكر حاضر	ثنائية	তোমরা (দু'জন) করেছে বা করলে।	{ فَعَلْتُمَا فَعَلْتُمَا
مذكر متكلم	ثنائية	আমরা (দু'জন) করেছি বা করলাম।	{ فَعَلْنَا

ما هو أصل الفعل ؟

ফেয়েলের মূল কি ?

ছারফশাক্তের বিশারদগণ সিদ্ধান্ত দিয়েছেন যে, مصدر হলো সকল ফেয়েলের মূল। অর্থাৎ مصدر থেকেই فعل তৈরী হয়েছে। তবে প্রতিটি مصدر থেকে একটিমাত্র فعل তৈরী করা হয়েছে। আর সেটা হলো ماضي معروف এর فَعَلَ - أَفْعَلَ - فَعَّلَ - تَفَعَّلَ - اِفْتَعَلَ - اِفْعَلَّ - اِنْفَعَلَ - اِنْفَعَلَّ - اِفْعَلَّلَ - اِفْعَلَّلَ ইত্যাদি।

এই একটি মাত্র ফেয়েলের শেষে فاعل এর লিংগ, বচন ও পুরুষের বিভিন্ন আলামত যোগ করে ফেয়েলের মোট পনেরটি صيغة বা শব্দরূপ তৈরী করা হয়েছে।

মোটকথা مصدر থেকে তৈরী فعل মূলত একটি, কিন্তু ফায়েলের লিংগ, বচন ও পুরুষ হচ্ছে বিভিন্ন, যার কারণে ফেয়েলের মোট পনেরটি صيغة বা শব্দরূপ হয়েছে।

উদাহরণ স্বরূপ فَعَّلْتُ সম্পর্কে চিন্তা করো; এখানে মূল ফেয়েল হচ্ছে واحد مؤنث فَعَلَ তার শেষে تُ সাকিন যোগ করা হয়েছে। এটা ফায়েলের واحد مؤنث غائب (এক বচন, স্ত্রীলিংগ ও নামপুরুষ) হওয়ার আলামত।

তদ্রূপ فَعَّلْتُ এখানে মূল ফেয়েল হলো فَعَلَ। শেষ হরফটিকে সাকিন করে تُ মাফতূহ যোগ করা হয়েছে। এটা ফায়েলের واحد مذکر حاضر (একবচন, পুংলিংগ ও মধ্যম পুরুষ) হওয়ার আলামত।

তদ্রূপ فَعَّلُوا এই صيغة দুটি দেখো; মূল ফেয়েল হচ্ছে فَعَلَ তার শেষে ফায়েলের লিংগ, বচন ও পুরুষের আলামত রূপে و এবং ن যোগ করা হয়েছে। এ দুটি যথাক্রমে ফায়েলের جمع مؤنث غائب এবং جمع مذکر غائب হওয়ার আলামত। অন্যান্য ছীগাগুলো সম্পর্কেও একই কথা।

এভাবে ماضي معروف واحد مذکر কেও مضارع এবং ماضي مجهول (অর্থাৎ فعل) এর মাঝে পরিবর্তন ঘটিয়ে তৈরী করা হয়েছে। আর أمر

কে তৈরী করা হয়েছে مضارع এর মাঝে পরিবর্তন ঘটিয়ে । مضارع مجهول
তৈরী করা হয়েছে مضارع معروف এর মাঝে পরিবর্তন ঘটিয়ে । তাহলে খোলাসা
কথা এই দাঁড়ালো যে, ماضي থেকে مصدر এই - ماضي معروف واحد مذكر غائب - এই
একটিমাত্র فعل তৈরী হয়েছে । অতঃপর তার মাঝে বিভিন্ন পরিবর্তন ঘটিয়ে
مضارع مجهول ও ماضي معروف এর প্রথম فعل টি তৈরী করা হয়েছে ।
অতঃপর সেগুলোর শেষে فاعل এর বিভিন্ন আলামত যুক্ত করে অন্যান্য صيغة
তৈরী করা হয়েছে । তদ্রূপ আমরের বিভিন্ন ছীগাহ তৈরী করা হয়েছে মোযারের
ভিন্ন ছীগাহ থেকে ।

মূলকথা

১। ফেয়েল মোট তিন প্রকার । ماضي - مضارع - أمر

প্রতিটি আবার দুই প্রকার । যথা -

مضارع معروف ৩। ماضي مجهول ২। ماضي معروف ১।

أمر مجهول ৬। أمر معروف ৫। مضارع مجهول ৪।

২। ফেয়েলের মূল হলো মাছদার , আর মূল ফেয়েল মাত্র একটি,
অর্থাৎ ماضي معروف واحد مذكر غائب । অতঃপর তার মাঝে
বিভিন্ন পরিবর্তন ঘটিয়ে ماضي مجهol ও مضارع معروف তৈরী
করা হয় । আবার مضارع معروف থেকে مضارع مجهol তৈরী
করা হয় এবং مضارع থেকে أمر তৈরী করা হয় ।

প্রশ্নমালা

১। তিন প্রকার ফেয়েল কি কি ?

২। ফেয়েলের এই তিন প্রকার কোন হিসাবে ?

৩। কাল হিসাবে ফেয়েল কত প্রকার ও কি কি ?

৪। فاعل এর উল্লেখ অনুল্লেখ হিসাবে فعل কত প্রকার ও কি কি ?

৫। ماضي معروف ও مجهol কাকে বলে এবং ফেয়েলের এই প্রকার কোন
হিসাবে?

- ৬। কাল ও কর্তা হিসাবে فعل গুলোর নাম বলো।
- ৭। সমস্ত ফেয়েলের মূল কি?
- ৮। مصدر থেকে কয়টি فعل তৈরী করা হয়?
- ৯। مصدر - ماضى - مضارع - أمر এই তিন প্রকার ফেয়েলের কোনটি থেকে তৈরী করা হয়?
- ১০। مصدر থেকে তৈরী করা ماضى مجهول ও ماضى معروف এর কোনটি?
- ১১। مصدر থেকে তৈরী করা ماضى معروف এর পনেরটি صيغه এর কোনটি?
- ১২। ماضى معروف এর অন্যান্য صيغه কিভাবে তৈরী করা হয়?
- ১৩। ماضى معروف এর শেষে কি যোগ করে ماضى معروف واحد مذكر এর অন্যান্য صيغه তৈরী করা হয়?
- ১৪। ماضى معروف واحد مذكر غائب এর শেষে فاعل এর বিভিন্ন আলামত কেন যোগ করা হয়?
- ১৫। ماضى مجهول واحد مذكر غائب কোথেকে তৈরী করা হয়?
- ১৬। مضارع معروف কোথেকে তৈরী করা হয়?
- ১৭। مضارع مجهول কোথেকে তৈরী করা হয়?
- ১৮। أمر কোথেকে তৈরী করা হয়?

তুমি যদি ইলমের জন্য তোমার সর্বস্ব দান করো তাহলে ইলম তোমাকে সামান্য কিছু দান করবে। আর ইলম বড় গায়রতওয়ালা, তাই ইলম কারো দুয়ারে আসে না, বরং ইলমের দুয়ারে সবাইকে আসতে হয়।

— ইমাম মালিক (রহঃ)

عَلَامَاتُ الْفَاعِلِ فِي صَيَغِ الْمَاضِي

মামীর বিভিন্ন ছীগায় ফায়েলের আলামত

একথা তুমি জেনে এসেছো যে, ماضي معروف واحد مذكر غائب. এর শেষে ماضي এর লিংগ, বচন ও পুরুষের বিভিন্ন আলামত যুক্ত হয় এবং এভাবে ماضي معروف এর মোট পনেরটি صيغة তৈরী হয়। এখন আমরা এখানে সেই আলামতগুলো তোমার সামনে তুলে ধরবো।

এই ফেয়েলের মাঝে বিদ্যমান هو فَعَلَ (واحد مذكر غائب)
যমীর হলো فاعل - এখানের ফায়েলের
লিংগ, বচন ও পুরুষের কোন আলামত
নেই।

মুন্ঠ সাকিন হলো مؤنث فَعَلَتْ (واحد مؤنث غائب)
হওয়ার আলামত। এই ফেয়েলের মাঝে
বিদ্যমান هي فاعل যমীর হলো

ত লামকে সাকিন করে মাফতুহ ت فَعَلْتَ (واحد مذكر حاضر)
যোগ করা হয়েছে। এটা فاعل এর যামীর
এবং ফায়েল حاضر হওয়ার
আলামত।

ত লামকে সাকিন করে মাকসূর ت فَعَلْتِ (واحد مؤنث حاضر)
যোগ করা হয়েছে। এটা فاعل এর যামীর
এবং ফায়েল حاضر হওয়ার
আলামত।

ত লামকে সাকিন করে মাযমূম ت فَعَلْتُمْ (واحد متكلم)
যোগ করা হয়েছে। এটা فاعل এর যামীর

এবং ফায়েল متكلم واحد হওয়ার
আলামত।

লামকে মাযমূম করে ওয়াও যোগ
করা হয়েছে। এটা فاعل এর যামীর এবং
ফায়েল جمع مذكر غائب হওয়ার
আলামত।

লামকে সাকিন করে মাফতূহ নূন
যোগ করা হয়েছে। এটা فاعل এর যামীর
এবং ফায়েল جمع مؤنث غائب হওয়ার
আলামত।

লামকে সাকিন করে تم যোগ করা
হয়েছে। এটা فاعل এর যামীর এবং
ফায়েল جمع مذكر حاضر হওয়ার আলামত।

লামকে সাকিন করে تن যোগ করা
হয়েছে। এটা فاعل এর যামীর এবং
ফায়েল جمع مؤنث حاضر হওয়ার
আলামত।

লামকে সাকিন করে نا যোগ করা
হয়েছে। এটা فاعل এর যামীর এবং
ফায়েল جمع متكلم হওয়ার আলামত।

লামকে মাফতূহ করে আলিফ যোগ
করা হয়েছে। এটা فاعل এর যামীর এবং
ফায়েল تثنيه مذكر غائب হওয়ার

فَعَلَوا (جمع مذكر غائب)

فَعَلْنَ (جمع مؤنث غائب)

فَعَلُوا (جمع مذكر حاضر)

فَعَلْنَ (جمع مؤنث حاضر)

فَعَلْنَا (جمع متكلم)

فَعَلَا (تثنية مذكر غائب)

فَعَلَ تَا (تثنية مؤنث غائب)

فَعَلَ تَمَّا (تثنية مذكر و مؤنث حاضر)

فَعَلْنَا (تشنية متكلم)

অনুশীলনী

১। অতি দ্রুত বলে যাও।

নমুনা

فَعَلَ

فَعَلْتُ

فَعَلْتُ

فَعَلْتُ - فَعَلُوا - فَعَلْتَ - فَعَلَتْ - فَعَلَا - فَعَلْنَ - فَعَلْتُمْ - فَعَلْنَا -
فَعَلْتُمَا - فَعَلْتُمَا

২। অতি দ্রুত বলে যাও।
অতি দ্রুত বলে যাও।

ث - ت - و - ن - ت - نَا - تُمْ - تِ - تَنْ - نَا - تُمَا - ا - تَا

৩। অনুশীলন - ১ এর নমুনা হিসাবে অতি দ্রুত বলে যাও।

ذَهَبُوا - قُلْتُمْ - شَكَرْنَا - تَعَلَّم - سَافَرْتُمْ - ابْتَسَمَتْ - سَمِعَنْ - تَصَدَّقَا
رَجَعْتِ - صَلَّيْتُ - أَخْرَجْنَا

৪। মاضি معروف واحد مذکر غائب থেকে প্রথমে প্রতিটি মাছদার থেকে প্রথমে
-এর ফেয়েল তৈরী করো, অতঃপর মاضি معروف এর পূর্ণ ক্রিয়ামালা মুখস্থ
করো।

الذَّهَابُ - الْكِتَابَةُ - النَّصْرُ - الْفَتْحُ - الضَّرْبُ - النُّزُولُ - الشُّكْرُ - الْمَعْرِفَةُ -
السُّؤَالُ - السَّمْعُ - الشَّرْبُ - الْإِكْرَامُ - التَّعْلِيمُ - التَّصَدَّقُ - الْإِقْتِرَابُ

তুমি যদি তিনটি কাজ করো - মোতাল্লাআ করে সবকে
বসো, উস্তাদের প্রতিটি কথা পূর্ণ মনোযোগের সাথে শোনো
এবং সবকের তাকরার করো তাহলে আমি নিশ্চয়তা দিচ্ছি,
